গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

তারিখ- ২৯/০৮/২০২২ খ্রি.

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২০৪.২০- ৬১৪

**বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।**

আপনি মোঃ আব্দুল লতিফ, পিতাঃ মোঃ কলিম উদ্দিন, নার্সিং ইনস্ট্রাক্টর, ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ (সংযুক্তি- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা) গত ২৭ আগস্ট ২০২২ খ্রি. তারিখ দুপুর ১২.১০ ঘটিকায় আপনার ব্যক্তিগত ফেইসবুক আইডি (Abdul Latif)-তে একটি পোস্ট আপলোড করেন, যার অংশবিশেষ নিম্নরুপ।

"বাংলাদেশ নার্সিং এসোসিয়েশন (বিএনএ) আরো গতিশীল, কর্মমুখী, গণমুখী, জবাবদিহিতামূলক, প্রাণবন্ত, সার্বজনীন ও সরকারের উন্নয়ন কর্মপরিকল্পনার অংশীদার হিসেবে সংস্কার ও সম্প্রসারণ করার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সহযোগিতা ও সম্মতিক্রমে, GAC Co-water international (ProNurse) এর আর্থিক সহযোগিতায় এবং আন্তর্জাতিক নার্সেস কাউন্সিল (ICN) এবং বাংলাদেশ নারী পক্ষের সরাসরি পর্যবেক্ষণের আওতায় একটি কার্যক্রম হাতে নেওয়া হয়েছে"।

২। আলোচ্য বিষয়ে মন্ত্রণালয় এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের কোন সম্মতি বা সংশ্লিষ্টতা না থাকা সত্ত্বেও বাংলাদেশ নার্সিং এসোসিয়েশন (বিএনএ) নামীয় সংগঠনের সাথে অপ্রাসঙ্গিকভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং এ অধিদপ্তরকে জড়িয়েছেন। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে আপনার এরূপ পোস্ট আপলোড অসদাচরণের সামিল।

৩। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

২৯/৮/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোন-০২-৪১০৮০৪১৭

মোঃ আব্দুল লতিফ
পিতাঃ মোঃ কলিম উদ্দিন
নার্সিং ইনস্ট্রাক্টর, ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ।
(সংযুক্তি- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা)

অনুলিপিঃ জ্ঞাতার্থে
১। সহকারী পরিচালক, পিএমআইএস শাখা, এ অধিদপ্তর। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।